গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৯ম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৫৩০ অফিস ও প্রায় ৫,৫৮০ জন জনবল দ্বারা ২৬টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-জুন ২০২৫ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' নবম সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার
সহকারী পরিচালক, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




## উদ্বোধন হলো বহু প্রতীক্ষিত MRA ভবন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ ইউনুস ১৭ মে ২০২৫ তারিখে রাজধানীর আগারগাঁওয়ে Microcredit Regulatory Authority (MRA) ভবন উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সালেহ উদ্দিন আহমেদ, মাননীয় উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ড. আনিসুজ্জামান চৌধুরী, বিশেষ সহকারি (প্রতিমন্ত্রী পদমর্যাদার), অর্থ মন্ত্রণালয়, ড. আহসান এইচ মনসুর, গভর্নর, বাংলাদেশ ব্যাংক ও চেয়ারম্যান, MRA পরিচালনা বোর্ড এবং নাজমা মোবারেক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন পিকেএসএফ এর চেয়ারম্যান জাকির আহমেদ খান ও ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের, মোঃ দাউদ মিয়া, মহাপরিচালক (ডিজি), এনজিও বিষয়ক ব্যুরো এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির কর্মকর্তাবৃন্দ। এ সময় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন সহ দেশের MRA সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নকারী বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের নির্বাহী পরিচালক বৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মোহাম্মদ হেলাল উদ্দিন, এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)।



## আরএমটিপি প্রকল্পের উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত নতুন ইউনিক পণ্য A২ ঘির প্রোমেশন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত নতুন ইউনিক পণ্য A২ ঘি পিকেএসএফ-এর ব্যবস্থানা পরিচালক মোঃ ফজলুল কাদের মহোদয়ের কাছে উপস্থাপন করেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি A২ ঘির বাণিজ্যিক প্রমোশনের জন্য এর তৈরি প্রক্রিয়া, ব্র্যান্ডিং, মোড়কীকরণ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করেন। এসময় আরো উপস্থিত ছিলেন পিকেএসএফ এর মহাব্যবস্থাপক মেজবাহুর রহমান, উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়কারী মোঃ হাবিবুর রহমান, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং প্রকল্প ব্যবস্থাপক ডাঃ জিয়াউর রহমান।

গাক
Gram Unnayan Karma (GUK)
# তথ্য পরিক্রমা
ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯




## গাক'র আয়োজনে প্রাণিসম্পদ উন্নয়ন ও উদ্যোক্তা মেলা-২০২৫ এর শুভ উদ্বোধন

বগুড়ার বনানীতে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর আয়োজনে আরএমটিপি প্রকল্পের আওতায় দু'দিনব্যাপী "প্রাণিসম্পদ উন্নয়ন ও উদ্যোক্তা মেলা-২০২৫" অনুষ্ঠিত হয়। আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং ডেনমার্ক সরকারের আর্থিক সহায়তায় আয়োজিত এ মেলার শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর উপ-মহাব্যবস্থাপক মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও বিশেষজ্ঞগণ। উদ্বোধন শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ মেলা প্রাঙ্গণের বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং উদ্যোক্তাদের উৎপাদিত নিরাপদ পণ্য পর্যবেক্ষণ করেন।



## গাক'র আয়োজনে গাইবান্ধায় স্বপ্ন-II প্রকল্পের প্রশিক্ষকদের প্রশিক্ষণ সম্পন্ন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আয়োজনে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি- UNDP এর আর্থিক ও কারিগরি সহায়তায় "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন" (স্বপ্ন-II) প্রকল্পের সুবিধাভোগীদের জীবিকা দক্ষতা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে দেশের ১২টি জেলায় প্রশিক্ষকদের প্রশিক্ষণ (On Livelihoods Skill Development Training) বাস্তবায়িত হচ্ছে। এরই ধারাবাহিকতায় ১৯ এপ্রিল (শনিবার) গাইবান্ধা জেলা প্রশাসনের সহযোগিতায় গাইবান্ধা জিইউকে ভেন্যুতে ৫ দিনব্যাপী প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। জেলার গোবিন্দগঞ্জ, ফুলছড়ি, সুন্দরগঞ্জ, সাঘাটা ও সদর উপজেলায় প্রকল্পের নির্বাচিত সুবিধাভোগীদের আয়বর্ধক কার্যক্রম সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার এর সভাপতিত্বে সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মাহমুদ আল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। প্রশিক্ষণ কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ সম্রাট আলী, লাইফ স্কিলস্ অফিসার, গাক। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোঃ গোলাম মোস্তফা, পিসি, ইএসডিও, সোনিয়া আক্তার, এফসি, গাক।

উক্ত প্রশিক্ষণে গাইবান্ধা জেলার ৫টি উপজেলার প্রাণিসম্পদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মহিলা অধিদপ্তর ও সহযোগী সংস্থা ইএসডিও'র মোট ২৭জন কর্মকর্তা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।



## দেশি মুরগির ডিম হতে বাচ্চা উৎপাদনের লক্ষ্যে ও খামারী থেকে দুধ সংগ্রহের জন্য ট্যাংকার / ক্যান প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সিটি ব্যাংক পিএলসি এর অর্থায়নে "নিরাপদ কৃষি ও প্রাণীজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় হাতে কলমে প্রশিক্ষণ শেষে ডিম থেকে বাচ্চা উৎপাদনের লক্ষ্যে ০৭-০৪-২০২৫ তারিখে ১০ জন খামারীদের মাঝে ইনকিউবেটর মেশিন ও ০৫ জন গোয়ালাদের মাঝে নিরাপদ ও মান সম্পূর্ণ দুধ পরিবহনের জন্য ট্যাংকার/ক্যান প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এসময় আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন, সহকারি পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার এবং আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।




## গাক'র আয়োজনে মার্কেট এক্টরদের নিয়ে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সিটি ব্যাংক পিএলসি এর অর্থায়নে "ক্ষুদ্র উদ্যোগে নিরাপদ কৃষি ও প্রাণীজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় মার্কেট এক্টরদের নিয়ে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন গাক'র যুগ্ম পরিচালক আনিসুর রহমান, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। এই কর্মশালায় প্রক্রিয়াজাতকরণ উদ্যোক্তাদের সঙ্গে বাজার ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ অংশীদার, বিক্রেতা, সরবরাহকারী, পরিবেশক ও খুচরা ব্যবসায়ীদের মধ্যে কার্যকর সংযোগ তৈরির বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা হয়। উদ্যোক্তাদের বাজার ব্যবস্থাপনা, মান নিয়ন্ত্রণ, পণ্যের মূল্য সংযোজন ও বাজারে প্রবেশাধিকার নিয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান প্রদান করা হয়। এই ধরনের উদ্যোগ ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি নিরাপদ ও মানসম্মত কৃষিপণ্য বাজারজাতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯



## নওগাঁ'র সাপাহার উপজেলায় ইসিসিসিপি-ড্রট প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

গ্রিন ক্লাইমেট ফান্ড ও পিকেএসএফ এর আর্থিক ও কারগিরি সহায়তায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন নওগাঁ'র সাপাহার উপজেলায় ইসিসিসিপি-ড্রট প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি প্রকল্পের আওতায় পুকুর ও খাল পুনঃখনন, MAR স্থাপন, বসতবাড়ীতে সবজি চাষ, কম্পোষ্ট সার উৎপাদন সহ কমিউনিটি পর্যায়ে চলমান বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ করেন এবং প্রকল্প স্টাফ ও সংশ্লিষ্ট ভেন্ডরকে গুনগত মান বজায় রেখে প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক মোঃ নুরে আজম সিদ্দিক সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



## এমসিসি বাংলাদেশের সাথে গাক'র সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং এমসিসি বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. গ্রেগরি ভ্যান্ডারবিল্ট ১২ মে ২০২৫ তারিখে "বিজনেস ইমপরটেন্স ইন এনভায়রনমেন্ট ফ্রেন্ডলি এগ্রিকালচার (বিআইইএফএ) ফেইজ-২" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষর করেছেন। সমঝোতা স্মারক স্বাক্ষরের সময়, এমসিসি বাংলাদেশের অর্থ ও প্রশাসন পরিচালক মোঃ মোশারফ হোসেন, পিএমইআর সমন্বয়কারী এমসিসি বাংলাদেশের মি. চ্যাড স্টাউট, শিক্ষা সমন্বয়কারী এমসিসি বাংলাদেশের ফোবি চিরিং মারাক এবং গাক এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম উপস্থিত ছিলেন। এই প্রকল্পটি শাকসবজি চাষে কীটনাশক ব্যবহারের বিকল্প এবং পরিবেশবান্ধব পদ্ধতি সম্পর্কে শিক্ষা দেবে। নিরাপদ পণ্য বিক্রির জন্য একটি মূল্য শৃঙ্খলা বাজার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হবে। সমন্বিত পদ্ধতি উৎপাদন খরচ কমাবে, প্রাপ্যতা বৃদ্ধি করবে এবং বিভিন্ন স্তরের ভোক্তাদের জন্য নিরাপদ সবজির সরবরাহ তৈরি করবে।




## পেশাদার সমাজকর্মী সৃষ্টিতে মাঠকর্ম অনুশীলনের তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

১৬ জুন ২০২৫ তারিখে সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া এর সমাজকর্ম বিভাগ কর্তৃক আয়োজিত "পেশাদার সমাজকর্মী সৃষ্টিতে মাঠকর্ম অনুশীলনের তাৎপর্য" শীর্ষক আলোচনা সভায় সম্মানিত অতিথি হিসেবে বক্তৃতা করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। আলোচনাকালে তিনি সভায় উপস্থিত শিক্ষার্থীদের সমাজের প্রান্তিক, বঞ্চিত এবং অবহেলিত জনগোষ্ঠীর ক্ষমতায়ন, অধিকার আদায়ে সহায়তা, সমাজের নানাবিধ অসঙ্গতি দূরীকরণ এবং দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের লক্ষ্যে তাত্ত্বিক জ্ঞানের এর পাশাপাশি ব্যবহারিক জ্ঞান অর্জনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন মোঃ শহিদুল ইসলাম, শিক্ষক, সমাজকর্ম বিভাগ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া। এ সময় আরো উপস্থিত ছিলেন প্রফেসর মোঃ আব্দুল ওয়াহেদ সরকার, উপাধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, জনাব টিপু সুলতান, সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি আজিজুল হক কলেজ এবং জনাব মোঃ সোহরাব হোসেন, উপ-নির্বাহী পরিচালক, টিএমএসএস, বগুড়া এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও সম্মানিত শিক্ষকমণ্ডলী।




## গাক'র আয়োজনে কৃষি ইউনিট এর আওতায় অমৌসুমী তরমুজ চাষের ফলাফল বিষয়ক মাঠ দিবস অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় কৃষি ইউনিটভুক্ত (কৃষিখাত) এর আওতায় অমৌসুমী তরমুজ চাষের ফলাফল বিষয়ক মাঠ দিবস ১৯ জুন ২০২৫ তারিখে বগুড়া জেলাধীন শাজাহানপুর উপজেলার দুবলাগাড়ী ইউনিয়নের দুরুলিয়া গ্রামে শতাধিক কৃষকের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শাজাহানপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মোঃ মোসাদ্দেক হোসেন, গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রাইভেট কোম্পানীর প্রতিনিধি সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। উক্ত অনুষ্ঠানে অমৌসুমী ফল চাষের গুরুত্ব, আধুনিক প্রযুক্তির ব্যবহার, জৈব বালাইনাশক ও পরিচর্যা ও বাজারজাতকরণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মাঠ প্রদর্শনীতে তরমুজ, কুমড়া, বেগুন, বরবটি ও অন্যান্য সবজি প্রদর্শন করা হয়, যা কৃষকদের উৎসাহ এবং আগ্রহ সৃষ্টি করে। শাজাহানপুর উপজেলার দুরুলিয়া গ্রামের মোঃ খোরশেদ ইসলাম ২০ শতক জমিতে অমৌসুমী তরমুজ চাষ করেন। প্রকল্প থেকে তাকে ১৫০০০/- টাকার আর্থিক ও কারিগরি সুবিধা প্রদান করা হয়। উক্ত তরমুজ চাষে প্রকল্পের আর্থিক অনুদান সহ তার মোট ২৫০০০/- টাকা খরচ হয়। তিনি ৩ মাসের ব্যবধানে ফসল উত্তোলন করে ৮৫০০০- টাকার তরমুজ বিক্রি করেন। যা এলাকার আগ্রহী কৃষকদের মাঝে চাঞ্চল্য সৃষ্টি করেছে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯



## আরএমটিপি প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের মাঝে অনুদানের চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত Rural Microenterprise Transformation Project (RMTP) এর নিরাপদ মাংস এবং দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় ৫০ জন উদ্যোক্তাদের মাঝে অনুদানের চেক প্রদান অনুষ্ঠান ২৬-০৬-২০২৫ তারিখে গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম উদ্যোক্তাদের মাঝে চেক প্রদান করেন। এসময় তিনি বলেন দেশের কর্মসংস্থান সৃষ্টিতে উদ্যোক্তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং গাক সব সময় নারী উদ্যোক্তাদের উন্নয়নে কাজ করছে। এরই ধারাবাহিকতায় প্রকল্পের আওতায় প্রশিক্ষণের পাশাপাশি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রমোশনে সোশ্যাল মিডিয়ায় বুষ্টিং এর জন্য অনুদান প্রদান করছে যা পণ্যের প্রোমোশনের পাশাপাশি বিক্রয় বৃদ্ধিতে সহায়ক হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আরও উপস্থিত ছিলেন গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ জিয়াউর রহমান সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।




## বগুড়া জেলা প্রাণিসম্পদ অফিস কার্যালয়ে ডিএলএস ও সংশ্লিষ্ট এক্টরদের ত্রৈমাসিক সমন্বয় সভা

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলা প্রাণিসম্পদ অফিস কার্যালয়ে ১৭-০৬-২০২৫ তারিখে ডিএলএস ও সংশ্লিষ্ট এক্টরদের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব ডাঃ আনিছুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ রায়হান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া। এছাড়াও উপস্থিত ছিলেন উপ-প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন উদ্যোক্তা সহ বিভিন্ন মার্কেট এক্টরদের প্রতিনিধি গণ।




## বগুড়ায় গাক এর আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস'২০২৫ উদযাপন

"প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়" এই প্রতিপাদ্যকে সামনে রেখে দেশব্যাপী পালিত হলো বিশ্ব পরিবেশ দিবস। এরই ধারাবাহিকতায় ২৫ জুন ২০২৫ তারিখে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) প্রকল্পের উদ্যোগে নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবসের আয়োজন। বর্ণাঢ্য কর্মসূচির অংশ হিসেবে সকাল ৯.৩০ ঘটিকায় দিবসটি উপলক্ষ্যে বগুড়া অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বগুড়া জিলা স্কুল থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা পরিষদে গিয়ে শেষ হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোঃ মেজবাউল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া। শোভাযাত্রা পরবর্তী গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এ,কে, এম মাহফুজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, বগুড়া। গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদারের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মোঃ শফিউল আল আজিজ, চিফ ইন্সট্রাক্টর, মেকানিক্যাল বিভাগ, বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া। অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন গাক মাইক্রোফাইন্যান্স এর পরিচালক মোঃ মুখলেছুর রহমান, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হর্জ্বকিল মোঃ আবু হাসান, পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ আবু রায়হান মিয়া, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাদাত, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব), মোঃ রাফিউল ইসলাম, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) খোরশেদ আলম সহ মডেল পরিবেশ ক্লাব এর সদস্যবৃন্দ এবং গাক'র উর্দ্ধতন কর্মকর্তাসহ SMART প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।




## গাক চক্ষু হাসপাতাল উত্তরার আয়োজনে "স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম" অনুষ্ঠিত

২২ মে ২০২৫ তারিখে গাক চক্ষু হাসপাতাল, উত্তরার আয়োজনে আইডিয়াল লাইফ স্কুল এন্ড কলেজ, সেক্টর ১২ উত্তরা, ঢাকায় বিশেষ "স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম" ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে বিনামূল্যে ১৮০ জন স্কুল শিক্ষার্থীকে চক্ষু পরীক্ষা ও বিশেষ সেবা প্রদান করা হয়। তাদের মধ্যে থেকে ৬১ জন স্কুল শিক্ষার্থীর চোখের সমস্যা ধরা পড়ে। উক্ত শিক্ষার্থীদের হাসপাতালে আসার জন্য রেফারেল কার্ড প্রদান করা হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯



## গাক'র আয়োজনে সমৃদ্ধি কর্মসূচির আওতায় "উপজেলা দিবস উদ্‌যাপন ২০২৫"

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় "উপজেলা দিবস উদ্‌যাপন ২০২৫" ৩১ মে ২০২৫, কুতুবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, সারিয়াকান্দি, বগুড়ায় আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ম্যারাথন দৌড়, উন্নয়ন মেলা, ক্রীড়া-সাংস্কৃতিক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, শ্রেষ্ঠ মেন্টর, শ্রেষ্ঠ সন্তান ও শ্রেষ্ঠ প্রবীণ সম্মাননা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এছাড়াও প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ শহিদুল ইসলাম সুজন, চেয়ারম্যান, ৮নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ, সারিয়াকান্দি, বগুড়া ও মোঃ আসলাম উদ্দিন, প্রধান শিক্ষক, কুতুবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়। উক্ত ক্যাম্প আরো উপস্থিত ছিলেন মোঃ সাজ্জাদ হোসেন, আঞ্চলিক ব্যবস্থাপক, মোঃ সাদিকুল হাসান খান, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী সহ সমৃদ্ধি কর্মসূচির সকল কর্মকর্তাবৃন্দ।




## সমৃদ্ধি কর্মসূচির আওতায় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং যুবসম্মাননা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় কুতুবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, সারিয়াকান্দি, বগুড়া'য় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং যুবসম্মাননা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ শহিদুল ইসলাম সুজন, চেয়ারম্যান, ৮নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ, সারিয়াকান্দি, বগুড়া বিশেষ অতিথি মোঃ আসলাম উদ্দিন, প্রধান শিক্ষক, কুতুবপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, মোঃ সাজ্জাদ হোসেন, আঞ্চলিক ব্যবস্থাপক, মোঃ মাসুদ করিম সবুর প্রতিষ্ঠাতা পরিচালক ক্রিয়েটিভ স্কুল অ্যান্ড ইংলিশ লার্নিং সেন্টার, মোঃ রাজি বিল্লাহ (পি,সি) হাই ভ্যালু ক্রোপ প্রজেক্ট, মোঃ সাদিকুল হাসান খান, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী এবং সমৃদ্ধি কর্মসূচির শিক্ষক, ছাত্র, স্বাস্থ্য পরিদর্শক, প্রবীণ, যুব, কৈশোর সদস্যসহ সকল কর্মকর্তাবৃন্দ। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুভসূচনা করেন মোঃ আসলাম উদ্দিন। পরিশেষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণের মাধ্যমে সভাপতি মহোদয় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।




## গাক'র আয়োজনে সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন

সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় মহিষাবান বহুমুখী উচ্চ বিদ্যালয়, গাবতলী, বগুড়া'য় বিনামূল্যে চক্ষু ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত বিনামূল্যে চক্ষু ক্যাম্পে উপস্থিত ছিলেন মোহাম্মদ হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া। আরও উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মজিদ মন্ডল, চেয়ারম্যান, ৮নং মহিষাবান ইউনিয়ন পরিষদ, গাবতলী, বগুড়া। উক্ত ক্যাম্প আরো উপস্থিত ছিলেন মোঃ সামছুল ইসলাম, জোনাল ম্যানেজার, গাবতলী জোন, মোঃ ইব্রাহীম আলী, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী সহ সমৃদ্ধি কর্মসূচির সকল কর্মকর্তাবৃন্দ। এই বিনামূল্যে চক্ষু ক্যাম্পে বহু সংখ্যক নারী, পুরুষ ও শিশু অংশগ্রহণ করেন এবং তারা চক্ষুসেবা গ্রহণের পাশাপাশি সচেতনতা বিষয়ক প্রয়োজনীয় দিকনির্দেশনাও পান। এই ধরনের উদ্যোগ এলাকার দরিদ্র ও প্রান্তিক জনগণের জন্য চক্ষু ও স্বাস্থ্যসেবা গ্রহণ সহজতর করে এবং তাদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। গাক ও সমৃদ্ধি কর্মসূচির এমন মানবিক উদ্যোগ আগামীতেও অব্যাহত থাকবে, এই প্রত্যাশা সকলের।




## স্বাস্থ্য ও পুষ্টি উন্নয়নে সমৃদ্ধি কর্মসূচির প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পিকেএসএফ এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় ০৩ জুন ২০২৫ গাবতলী সমৃদ্ধি অফিস, গাবতলী, বগুড়া'য় স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রমকে আরও কার্যকর এবং দক্ষতার সাথে পরিচালনার লক্ষ্যে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন এলাকার বিভিন্ন স্বাস্থ্য পরিদর্শকগণ, যারা মাঠ পর্যায়ে সাধারণ মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা ও পুষ্টিবিষয়ক সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকেন। প্রশিক্ষণে মূল আলোচ্য বিষয় ছিল- মা ও শিশুর পুষ্টি সচেতনতা, প্রাথমিক স্বাস্থ্যসেবা বিষয়ক জ্ঞান, পুষ্টিকর খাবারের গুরুত্ব ও পরিকল্পনা, রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, মাঠপর্যায়ে কার্যকরী স্বাস্থ্য বার্তা পৌঁছে দেওয়ার কৌশল। এই প্রশিক্ষণের মাধ্যমে স্বাস্থ্য পরিদর্শকরা নতুন জ্ঞান অর্জনের পাশাপাশি একে অপরের অভিজ্ঞতা শেয়ার করেন, যা ভবিষ্যতে স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম বাস্তবায়নে আরও কার্যকর ভূমিকা রাখবে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯




## গাক-এর উদ্যোগে সৃজনশীলতা ও মনন বিকাশে কিশোর-কিশোরীদের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে পরিচালিত "সমৃদ্ধি কর্মসূচি"-এর আওতায় কৈশোর কার্যক্রমের অংশ হিসেবে বগুড়া জেলাধীন গাবতলী উপজেলার নশিপুর ইউনিয়নে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই আয়োজনের মাধ্যমে কিশোর-কিশোরীদের মাঝে মেধা, মনন ও সৃজনশীলতা বিকাশে একটি সুন্দর সুযোগ সৃষ্টি হয়েছে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় ।



## স্বাস্থ্যসেবায় একটি নতুন প্রজন্ম গড়ে তুলছে জিআইটি

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) পরিচালিত গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি)-তে বর্তমানে চলমান জেনারেল কেয়ারগিভিং লেভেল-২ ব্যাচের শিক্ষার্থীরা প্রতিদিনের পাঠ্যসূচির পাশাপাশি অংশ নিচ্ছেন গ্রুপ স্টাডির মাধ্যমে নিজস্ব জ্ঞান ও দক্ষতা উন্নয়নের কার্যক্রমে। জিআইটি সবসময়ই চেষ্টা করে দক্ষ, মানবিক এবং প্রতিশ্রুতিশীল স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবী তৈরি করতে। আমাদের উদ্দেশ্য শুধু পাঠদান নয়, বরং শিক্ষার্থীদের বাস্তব জীবনে প্রয়োগযোগ্য জ্ঞান অর্জনে সহায়তা করা।



## গাক'র নির্বাহী পরিচালক কর্তৃক গাক চক্ষু হাসপাতাল উত্তরা, ঢাকা'র কার্যক্রম পরিদর্শন

গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন কর্তৃক গাক চক্ষু হাসপাতাল উত্তরা, ঢাকা'র কার্যক্রম পরিদর্শন করেন এবং পরিদর্শন শেষে হাসপাতালের ডাক্তার ও স্টাফদের সাথে, মাসিক সমন্বয় সভায় অংগ্রহণ করেন। এসময় উপস্থিত ছিলেন পরিচালক সোশ্যাল মোঃ রাশেদুল ইসলাম, এ কে এম ফিরোজ আলম সাইফুল্লাহ (জিএম), এডভাইজার ডাঃ মুস্তাকিম বিল্লা (অর্থি) ও ডাঃ তমা খন্দকার, হাসপাতালের কনসালটেন্ট ডাঃ আবু আইয়ুব খান, ও হাসপাতাল ম্যানেজার মোতাহারুল ইসলাম সহ অন্যান্য ডাক্তার ও উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীরা।

উক্ত সমন্বয় সভায় হাসপাতালের সেবার মান উত্তরোত্তর বৃদ্ধি ও আগামী মাসের কর্মপরিকল্পনা সহ হাসপাতালকে আরো জনবান্ধব করার বিষয়ে মূল্যবান আলোচনা ও দিকনির্দেশনা প্রদান করা হয়।



## সিনিয়র সহকারী সচিব ও ক্যাম্প ইনচার্জ কর্তৃক উখিয়ার বালুখালিতে প্রাইমারী স্কুল ফর রোহিঙ্গা অরফান কার্যক্রম পরিদর্শন

২৯ জুন ২০২৫ তারিখে জনাব মোঃ নজরুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব ও ক্যাম্প ইনচার্জ, রোহিঙ্গা ক্যাম্প-৮, উখিয়ার বালুখালিতে অবস্থিত গাক কর্তৃক পরিচালিত "প্রাইমারী স্কুল ফর রোহিঙ্গা অরফান" কার্যক্রম পরিদর্শন করেন। তিনি স্কুলের বিভিন্ন শ্রেণিকক্ষ ঘুরে দেখেন, শিক্ষার্থীদের সাথে কথা বলেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মাঝে মেডেল/পুরস্কার বিতরণ করেন। পরিদর্শনকালে কমফোর্ট এইড ইন্টারন্যাশনাল এর বাংলাদেশ প্রতিনিধি কাওসার জামাল, প্রকল্প ব্যবস্থাপকসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯




## আরএমটিপি প্রকল্পের উদ্যোগে বিশ্ব দুগ্ধ দিবস ২০২৫ উদ্‌যাপিত

০১ জুন ২০২৫, বিশ্ব দুগ্ধ দিবস ২০২৫ উপলক্ষে "দুধের অপার শক্তিতে মেতে উঠি এক সাথে" প্রতিপাদ্যকে কেন্দ্র করে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) দিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে দিবসটি যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করে। কর্মসূচির অংশ হিসেবে, বগুড়া জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত বর্ণাঢ্য র‍্যালিতে গাক সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। পাশাপাশি, গাক-আরএমটিপি প্রকল্পের আওতায় প্রান্তিক পর্যায়ের খামারী ও সাধারণ জনগণের মধ্যে দুধের পুষ্টিগুণ, স্বাস্থ্য উপকারিতা এবং দৈনন্দিন খাদ্যাভ্যাসে দুধ অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা বিষয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করা হয়। এই কার্যক্রমের মাধ্যমে জাতীয় পর্যায়ে পুষ্টি সচেতনতা বৃদ্ধি, খামার ভিত্তিক উৎপাদনের উৎসাহ এবং নিরাপদ দুধভিত্তিক খাদ্যাভ্যাস গঠনের লক্ষ্যে দুধের প্রয়োজনীয়তা, দুধ উৎপাদন, নিরাপদ প্রক্রিয়াকরণ, সঠিক সংরক্ষণ এবং সুষ্ঠ বাজার ব্যবস্থাপনার গুরুত্ব তুলে ধরা হয়, যা পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং খামারভিত্তিক অর্থনীতিকে আরও সক্রিয় ও গতিশীল করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে বিবেচিত। দিনশেষে, গাক-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম-এর উপস্থিতিতে গাক প্রধান কার্যালয় থেকে দ্বিতীয় দফায় একটি র‍্যালি অনুষ্ঠিত হয়, যা দিবসটির আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করে।

## আরএমটিপি প্রকল্পের আওতায় কলা গাছ থেকে সাইলেজ উৎপাদন প্রদর্শনী অনুষ্ঠিত



আরএমটিপি প্রকল্পের আওতায় ২৭ এপ্রিল ২০২৫ তারিখে হাজীপাড়া, ফাঁপর ইউনিয়ন বগুড়ায় "কলা গাছ থেকে সাইলেজ তৈরির একটি প্রদর্শনীর" আয়োজন করা হয়। এতে খামারিদের প্রশিক্ষণ দেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আহসান কবীর। খামারিদের জন্য গো-খাদ্যে নতুন সম্ভাবনা তৈরি করেছে কলা গাছের সাইলেজ। এটি পশু খাদ্য ব্যয়ে সাশ্রয় এনে লাভজনক পশুপালনে ভূমিকা রাখবে। প্রশিক্ষণে এই প্রযুক্তির কার্যকারিতা ও অর্থনৈতিক গুরুত্ব তুলে ধরা হয়, যাতে উপকারভোগীরা সহজেই তা প্রয়োগ করতে পারেন। ভবিষ্যতে বড় পরিসরে প্রয়োগ হলে, এই প্রযুক্তি টেকসই পশুপালনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে।




## চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায়, কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠান ২৯-০৬-২৫ ইং তারিখে বগুড়ার সারিয়াকান্দি ও ধুনট উপজেলায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল উৎপাদণ ও বাজার জাত উন্নয়ন প্রকল্পের আওতায় চরের নির্বাচিত চাষীদের মাঝে বিনামূল্যে মরিচ শুকানোর জন্য ত্রিপল, পাট কাটার মেশিন ও সরিষা ভাঙ্গা মেশিন বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্না। আরও উপস্থিত ছিলেন প্রকল্প ব্যবস্থাপক এ এইচ এম রাজি বিল্লা সহ প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




## ৭৪টি সফল অপারেশন এবং তাদের হাসিমুখ

গাক চক্ষু হাসপাতাল পরিচালক (মেডিকেল) ডাঃ এইচ এস এম রোজউন্নবী মন্ডল বলেন অন্ধত্ব দূরীকরণে গাক চক্ষু হাসপাতাল প্রতিশ্রুতিবদ্ধ। উত্তরবঙ্গের মানুষের জন্য মানসম্পন্ন চোখের চিকিৎসা সেবা নিশ্চিত করতে আমরা সর্বদা সচেষ্ট। বগুড়ায় অবস্থিত আমাদের স্বনামধন্য চক্ষু হাসপাতালে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি ও অভিজ্ঞ মেডিকেল টিমের মাধ্যমে চোখের বিভিন্ন রোগ নির্ণয়, পরীক্ষা-নিরীক্ষা এবং সার্জারি অত্যন্ত সাফল্যের সাথে পরিচালনা করা হচ্ছে। একদিনে হাসপাতালে ৭৪ জন রোগীর সফল অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। প্রতিটি রোগীর চোখে আলোর ঝলকানি ফিরিয়ে আনার এই প্রচেষ্টা আমাদের জন্য গর্বের, আনন্দের এবং মানবসেবার এক অসাধারণ দৃষ্টান্ত। অপারেশনের পর রোগীরা হাসিমুখে হাসপাতাল ত্যাগ করেন যা আমাদের কার্যক্রমের সফলতা ও মানবিক অর্জনের প্রতিচ্ছবি। এই মহৎ কার্যক্রমে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মাহবুব আলম, পরিচালক (মেডিকেল) ডাঃ রেজাউন্নবী মন্ডল, ডাঃ শাহারিয়ার রাজন রাজু এবং হাসপাতালের ব্যবস্থাপক সাখাওয়াত হোসেনসহ আরও অনেকে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৫) সংখ্যা ০৯



## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের মেধাবী শিক্ষার্থীদের ইন্টার্নশিপ সম্পন্ন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর মানবসম্পদ (এইচআর) বিভাগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের মেধাবী শিক্ষার্থীরা ইন্টার্নশিপ সফলভাবে সম্পন্ন করেছেন। তিনমাস ব্যাপী এই ইন্টার্নশিপের সনদ প্রদান অনুষ্ঠানে গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন বলেন, শিক্ষার্থীরা এখানে বাস্তবভিত্তিক অভিজ্ঞতা অর্জন করার পাশাপাশি গাক'র প্রাতিষ্ঠানিক কাঠামো, এইচআর এর নিয়োগ প্রক্রিয়া, মানব সম্পদ উন্নয়ন ও প্রশাসনিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্মুখ জ্ঞান লাভ করেছেন, যা তাদের আগামীর পথচলায় পাথেয় হবে। গাক পরিবার তাদের উজ্জ্বল ভবিষ্যৎ ও সমৃদ্ধি প্রত্যাশা করে।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনাল ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্সিয়াল নেক্সাস" প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ঋণ কর্মসূচির বিভিন্ন স্তরের ব্যবস্থাপকদের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনিক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনাল ম্যানেজমেন্ট এন্ড ফাইন্যান্সিয়াল নেক্সাস" প্রশিক্ষণ ২০-২১ জুন ২০২৫ তারিখে এনজিও ফোরাম রিজিওনাল অফিস এন্ড ট্রেনিং সেন্টার, কুমিল্লায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ঋণ কর্মসূচি বাস্তবায়নে ব্রাঞ্চ, এরিয়া ও জোনাল ম্যানেজারদের দায়িত্ব ও দায়বদ্ধতা প্রসংগে বলেন লক্ষ্যমাত্রা অর্জনে প্রবল ইচ্ছাশক্তি থাকলে দুর্ভেদ্য লক্ষ্যমাত্রাও অর্জন করা সম্ভব। তিনি সংশ্লিষ্ট সকলকে দায়বদ্ধতা নিয়ে বিভিন্ন স্তরের সমন্বয়ের মাধ্যমে ঋণ কর্মসূচি বাস্তবায়নের আহবান জানান এবং প্রশিক্ষণার্থীদের উক্ত প্রশিক্ষণের শিখন থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক । উল্লেখ্য যে কোর্সেটিতে সেশন পরিচালনা করেন মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এসএমএপি), মোঃ মাসুদুর রহমান, সিসি-কুমিল্লা ডিভিশন (এসএমএপি), মোঃ রায়হানুস সাদাত, পরিচালক (আইসিটি এন্ড আরএম) এবং প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাবৃন্দ। গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হয়।

## গাক'র নির্বাহী পরিচালক মহোদয়ের জিগ্যালোর এর কার্যক্রম পরিদর্শন



গাক'র নির্বাহী পরিচালক মহোদয় 'জিগ্যালোর' বগুড়া শোরুমে উপস্থিত হয়ে এর চলমান কার্যক্রম নিবিড়ভাবে পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি বিভিন্ন ধরনের মানসম্মত পণ্য, ডিজাইন ও প্রদর্শনী উপকরণ ঘুরে দেখেন এবং প্রতিটি সেকশনের কার্যপ্রণালী সম্পর্কে খোঁজ-খবর নেন। এ সময় তিনি কর্মীদের সাথে সৌহার্দ্যপূর্ণ আলাপচারিতায় অংশ নেন এবং উৎপাদন ও বিপণন কার্যক্রমকে আরও উন্নত করার জন্য বিভিন্ন পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, গাক'র উদ্ভাবনী উদ্যোগ 'জিগ্যালোর' শুধু মানসম্মত পণ্য উৎপাদনেই নয়, কর্মসংস্থান ও সৃজনশীলতার ক্ষেত্রেও অনন্য অবদান রেখে চলেছে।